সকল ভয়ের ভয় যে তারে কোন্‌ বিপদে কাড়বে।
প্রাণের সঙ্গে যে প্রাণ গাঁথা কোন্‌ কালে সে ছাড়বে।
নাহয় গেল সবই ভেসে    রইবে তো সেই সর্বনেশে,
যে লাভ সকল ক্ষতির শেষে    সে লাভ কেবল বাড়বে।
সুখ নিয়ে, ভাই, ভয়ে থাকি,  আছে আছে দেয় সে ফাঁকি,
দুঃখে যে সুখ থাকে বাকি কেই বা সে সুখ নাড়বে?
যে পড়েছে পড়ার শেষে    ঠাঁই পেয়েছে তলায় এসে,
ভয় মিটেছে বেঁচেছে সে—  তারে কে আর পাড়বে।

---

Parjaay: Puja, Taal: Teyora, Raag: Behaag
Visit www.geetabitan.com for notation and other detail